

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৫৭৮

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (کتاب الطهارة وسننها) পরিচ্ছেদঃ ১/৯৫. গোসলের পর উযু করা।

بَابِ فِي الْغُسْلِ مِنْ الْجَنَابَةِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَة، حَدَّثَنَا أَبُو خَالِد الأَحْمَرُ، عَنِ ابْنِ عَجْلاَنَ، عَنْ سَعِيد بْنِ أَبِي سَعِيد بْنِ أَبِي هُرَيْرَة، سَأَلَهُ رَجُلٌ كَمْ أُفِيضُ عَلَى رَأْسِي وَأَنَا جُنُبٌ قَالَ كَانَ رَسُولُ اللّهِ عَنْ أَبِي هُرَيْرَة، سَأَلَهُ رَجُلٌ كَمْ أُفِيضُ عَلَى رَأْسِي وَأَنَا جُنُبٌ قَالَ كَانَ رَسُولُ اللّهِ عليه وسلم - يَحْثُو عَلَى رَأْسِهِ ثَلاَثَ حَثَيَاتٍ . قَالَ الرَّجُلُ إِنَّ شَعْرِي طَوِيلٌ . قَالَ كَانَ رَسُولُ اللّهِ - صلى الله عليه وسلم - أَكْثَرَ شَعَرًا مِنْكَ وَأَطْيَبَ .

বাংলা

8/৫৭৮। আবৃ হুরাইরাহ (রাঃ) থেকে বর্ণিত। এক ব্যাক্তি তাকে জিজ্ঞেস করলো, অপবিত্রতার গোসলে আমি আমার মাথায় কতবার পানি ঢালবো? তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাত ভর্তি করে তাঁর মাথায় তিনবার পানি ঢালতেন। লোকটি বললো, আমার চুল তো খুব লম্বা। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর মাথার চুল ছিল তোমার চুলের চাইতে অধিক (লম্বা) এবং (তিনি ছিলেন) অধিক পবিত্রতা সচেতন।

English

It was narrated from Abu Hurairah that:

A man asked him: "How much water should I pour over my head when I m sexually impure?" He said: "the messenger of Allah used to pour three handfuls of water over his head." The man said: "My hair is long." He said: "The Messenger of Allah had more hair than you and he was cleaner."

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: আহমাদ ৭৩৭০ তাহকীক আলবানী: হাসান লিগাইরিহী। উক্ত হাদিসের রাবী আবু খালিদ আল আহমার সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি সত্যবাদী কিন্তু তার হাদিস দলীলযোগ্য নয়। আলী



ইবনুল মাদীনী বলেন, তিনি সিকাহ। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি সত্যবাদী। ইমাম নাসাঈ বলেন, কোন সমস্যা নেই। ইবনু আদী বলেন, তিনি হাদিস বর্ণনায় সালেহ কিন্তু হাদিস বর্ণনায় সংমিশ্রণ ও ভুল করে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন